দৈনিক
ইনকিলাব

তারিখ AUG 25 2006
পৃষ্ঠা ৬ কলাম ৫

আরবী বিশ্ববিদ্যালয়ের ঘোষণা দিন

# কওমী সনদের চূড়ান্ত স্বীকৃতি আদায়ে আত্মহারা নয় সতর্ক থাকতে হবে

## —আল্লামা আজিজুল হক

স্টাফ রিপোর্টার ঃ বাংলাদেশ খেলাফত মজলিসের আমীর ও ইসলামী ঐক্যজোটের চেয়ারম্যান শায়খুল হাদীস আল্লামা আজিজুল হক বলেছেন, কওমী মাদ্রাসা সনদের সরকারী স্বীকৃতি বাস্তবায়ন করতে সরকারের যেমন আন্তরিক হতে হবে আমাদেরও দায়িত্ব হচ্ছে এ ব্যাপারে সরকারকে সহযোগিতা করা। মধ্যখানে কেউ যাতে ষড়যন্ত্র করে ত্যাগের বিনিময়ে অর্জনকে নস্যাৎ করতে না পারে সে বিষয়ে সবাইকে সতর্ক থাকতে হবে। তিনি বলেন, স্বীকৃতিকে চূড়ান্ত পর্যায়ে পৌছাতে আরো অনেক প্রক্রিয়া রয়ে গেছে। এগুলো সম্পন্ন করতে পারলেই চূড়ান্ত বিজয় হবে। তাই আনন্দে আত্মহারা না হয়ে সতর্ক পদক্ষেপ গ্রহণ করা উচিত। শায়খুল হাদীস আরো বলেন, আলীয়া মাদ্রাসাগুলোর দীর্ঘদিনের দাবী ফাজিলকে বিএ ও কামিলকে এমএ সমমান প্রদান। সরকারও এ লক্ষ্যে কার্যক্রম চালিয়ে যাচ্ছে। তিনি বলেন, স্বতন্ত্র ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার মাধ্যমে মাদ্রাসা শিক্ষার স্বতন্ত্র বজায় রাখার জন্য এ ঘোষণা অবিলম্বে দেয়া প্রয়োজন। কাওমী মাদ্রাসা সনদের স্বীকৃতি আদায়ে দীর্ঘ আন্দোলন-সংগ্রাম ও আপোষহীন নেতৃত্বের জন্য সোনারগাঁও উপজেলার আলেম-ওলামার পক্ষ থেকে শায়খুল হাদীসকে প্রদত্ত এক সংবর্ধনা সভায় তিনি একথা বলেন। খেলাফত মজলিস সোনারগাঁও উপজেলা সভাপতি মাওলানা ইকবাল হোসাইনের সভাপতিত্বে স্থানীয় হাজী শহীদুল্লাহ প্লাজা চত্বরে অনুষ্ঠিত সংবর্ধনা অনুষ্ঠানে দলের মহাসচিব মাওলানা আব্দুর রব ইউসুফী বলেন, কওমী মাদ্রাসা সনদকে মাস্টার্স এর সমমান দেয়ায় এক শ্রেণীর লোকের গায়ে জ্বালা শুরু হয়ে গেছে। তাদের উদ্দেশে তিনি বলেন, যারা শুধু স্কুল কলেজে লেখাপড়া করে মাস্টার্স করেন তারা ইসলামী শিক্ষা ও ধর্মীয় ভাষা আরবীর জ্ঞান কতটুকু অর্জন করেন। কওমীরা তো বাংলা-ইংরেজীর শিক্ষক হতে চায় না। তারা যে বিষয়ে লেখাপড়া করে সে বিষয়েরই স্বীকৃতি চায়। সভায় বক্তব্য রাখেন, কেন্দ্রীয় নেতা মোঃ হুমায়ুন কবির, প্রিন্সিপাল মাওলানা আব্দুল কাইয়ুম, মাওলানা আতাউল্লা আমীন, মাওলানা রফিকুল ইসলাম আরাফাত, মাওলানা ওবায়দুল কাদের নদভী, মাওলানা হাবীবুল্লা বাহার, মাওলানা মাকসুদুর রহমান, মাওলানা তাফাজ্জল হোসেন ফরিদী, মাওলানা কামাল হোসেন প্রমুখ।




*ইনকিলাব ঃ সোনারগাঁও উপজেলার আলেম-ওলামার পক্ষ থেকে শায়খুল হাদীস আল্লামা আজিজুল হককে সংবর্ধনা প্রদান করা হয়*